তারিখ ... 07 APR 2015 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬-৮ ...

দৈনিক
ইত্তেফাক

# শরণখোলায় শিক্ষক নির্যাতনের অভিযোগ

■ শরণখোলা (বাগেরহাট) সংবাদদাতা

উপজেলার রায়েন্দায় তাফালবাড়ী স্কুল এন্ড কলেজের শিক্ষক আরিফ হোসেন দুলালের বাড়িতে পুলিশের হামলা ও নির্যাতনের অভিযোগ করা হয়েছে। এ ঘটনায় স্থানীয় লোকজন থানা ঘেরাও করে।

অভিযোগ সূত্রে জানা যায়, কয়েকজন পুলিশ সদস্য শিক্ষকের ঘরের দরজা ভেঙে ভিতরে ঢুকে আসবাবপত্র ভাঙচুর করে। পরে শিক্ষকসহ পরিবারের কয়েক সদস্যকে ধরে থানায় নিয়ে এনে নির্যাতন করে।

এ ঘটনার প্রতিবাদে সন্ধ্যায় স্থানীয় শিক্ষক, ছাত্র, ব্যবসায়ীসহ সাধারণ মানুষ থানা ঘেরাও করে এবং অভিযুক্ত পুলিশ সদস্যদের প্রত্যাহার ও বিচারের দাবি জানায়।

এদিকে শিক্ষক দুলাল এবং তার পরিবারের ওপর নির্যাতনের প্রতিবাদে সোমবার সকাল থেকে রায়েন্দা বাজারের দোকানপাট বন্ধ করে দেয় ব্যবসায়ীরা। পাশাপাশি উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতি মিলনায়তনে এক জরুরি সভায় ঘটনার প্রতিবাদ ও বিচার দাবি করে তারা, শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের ঘোষণা দিয়েছেন।

থানার ওসি মো. রেজাউল করিম জানান, অভিযোগের ভিত্তিতে পুলিশ ঘটনাস্থলে গেলে ওই শিক্ষক তাদের ওপর হামলা চালায়। এতে এক এসআই আহত হন। তিনি এখন শরণখোলা হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। পেশাগত কাজে বাধা দেয়ায় তাদেরকে আটক করা হয়।

ইউএনও মোহাম্মদ অতুল মণ্ডল জানান, পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা হয়েছে এবং আহতদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডা. অসীম কুমার সমদ্দার জানান, আরিফের ডান হাত ও বাম পা এক্স-রে করা হয়েছে। এছাড়া তার শরীরের বিভিন্ন স্থানেও আঘাতের চিহ্ন রয়েছে। এ ঘটনায় বাগেরহাটের পুলিশ সুপার মো. নিজামুল হক মোল্লা জানান, তিনি ঘটনা শুনেছেন। বিষয়টি তদন্ত করে দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।